ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৫৩
উদয়পুর, ৬ সেপ্টেম্বর, ২০২৫

**যথাযোগ্য মর্যাদায় উদয়পুরে শিক্ষক দিবস উদযাপিত**

মানব সম্পদ হলো দেশের শ্রেষ্ঠ সম্পদ। এই সম্পদ তৈরি করার অন্যতম কারিগর হলেন শিক্ষক-শিক্ষিকাগণ। দেশের মানবসম্পদ যত শক্তিশালী হবে দেশ তত শক্তিশালী হবে। গতকাল উদয়পুর রাজর্ষে হলে বিদ্যালয় শিক্ষা দপ্তর আয়োজিত জাতীয় শিক্ষক দিবস ও শিক্ষক সংবর্ধনা অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন আগরতলা বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মঠ ও মিশনের স্বামী সুধাকরানন্দ মহারাজ। তিনি বলেন, দেশের প্রাক্তন রাষ্ট্রপতি ডক্টর সর্বপল্লী রাধাকৃষ্ণানের জন্মদিনকে শিক্ষক দিবস হিসেবে পালন করা হয়। উনার অবদান দেশবাসী স্মরণ করে। অনুষ্ঠানে বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, শিক্ষক হলেন জাতির মেরুদন্ড। একজন শিক্ষকই পারেন সমাজকে সঠিক পথে নিয়ে যেতে। বিধায়ক অভিষেক দেবরায় বলেন, দেশের মানবসম্পদকে সঠিক পথে বিকশিত করার কারিগর হলেন শিক্ষক। এছাড়া বক্তব্য রাখেন টিআইটির অধ্যাপক জয়ন্ত চক্রবর্তী। স্বাগত বক্তব্য রাখেন উদয়পুর বিদ্যালয় পরিদর্শক অলকানন্দ জমাতিয়া। সভাপতিত্ব করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জেলা শিক্ষা আধিকারিক কল্যাণ ভদ্র, ও এস ডি গৌরাঙ্গ শুক্ল দাস প্রমুখ। এবছর ডক্টর সর্বপল্লী রাধাকৃষ্ণান সম্মাননা দেওয়া হয় অবসরপ্রাপ্ত শিক্ষিকা সৌভাগ্য দে-কে এছাড়াও উদয়পুর মহকুমার ৮৮ জন শিক্ষক শিক্ষিকাকে সংবর্ধনা দেওয়া হয়।

*****